গাংনীতে নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার ষোলটাকা ইউনিয়নের চেংগাড়া গ্রামে ঘরের আড়ার সাথে নাসিমা খাতুন (১৫) নামের এক নববধূর ঝুলন্ত মরদেহ উদ্ধার করেছে পুলিশ। তবে এটি হত্যা নাকি আত্মহত্যা তা এখনো নিশ্চিত নয়।

রবিবার দুপুর সাড়ে ১২টার দিকে স্বামীর ঘরের আড়ার সাথে ঝুলন্ত অবস্থায় নাসিমার মরদেহ উদ্ধার করে গাংনী থানা পুলিশ। নববধূ নাসিমা খাতুন চেংগাড়া গ্রামের সাকিল হোসেনের স্ত্রী। নববধুর লাশ উদ্ধারের পর থেকে স্বামী শাকিল আত্মগোপনে রয়েছে।

নাসিমা খাতুনের মা বিলকিছ খাতুন জানান, কয়েক মাস আগে আমার মেয়ে নাসিমার বিয়ে দিই একই গ্রামের শাকিলের সাথে। আমার মেয়ে বয়সে খুবই ছোট। সে সংসারের সব কাজ করতে পারে না। বিয়ের পর থেকে আমার জামাতা প্রায়ই যৌতুক দাবি করে। যৌতুকের দাবি পূরণ করতে পারিনি। এ কারণে সে আমার মেয়েকে শারীরিক ভাবে নির্যাতন করে। তার দাবি পূরণ করতে পারিনি বলে আমার মেয়েকে আগে লাঠি দিয়ে মেরেছে পরে শ্বাসরোধে হত্যা করে নিজের দোষ আড়াল করার জন্য লাশ ঘরের আড়ার সাথে ঝুলিয়ে রেখেছে।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, লাশ উদ্ধার করা হয়েছে। মারা যাওয়ার প্রকৃত কারণ খুঁজে বের করার জন্য পুলিশ কাজ করছে।

মেহেরপুরে অনলাইন ক্লাস বিষয়ক মতবিনিময় সভা

মেহেরপুরে অনলাইন ক্লাস বিষয়ক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল ১১ টার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখতে অনলাইনে

“মেহেরপুর অনলাইন ক্লাস” নামক ফেসবুক পেজের মাধ্য শিক্ষকদের পাঠ দান বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

জেলা শিক্ষা অফিসের নির্দেশে ও উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসের তত্ত্বাবধানে মতবিনিময় সভায় বক্তব্য দেন উপজেলা একাডেমিক সুপারভাইজার আনারুল ইসলাম, মেহেরপুর অনলাইন ক্লাস ফেসবুক পেজের এডমিন ও যাদুখালি স্কুল এন্ড কলেজের আইসিটি শিক্ষকা নার্গীস আরা।

মেহেরপুর সদর ও মুজিবনগর উপজেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দ এ সময় উপস্থিত ছিলেন।

মেপ্র/এমএফআর

বাগোয়ান ইউনিয়নের উপকারভোগীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ

২০১৯-২০ অর্থবছরে এলজিএসপি-৩ এর আওতায় করোনা ভাইরাস প্রতিরোধে বাগোয়ান ইউনিয়ন পরিষদের আয়োজনে উপকারভোগীদের মাঝে বিভিন্ন উপকরণ বিতরণ করা হয়েছে।

রবিবার বেলা সাড়ে এগারোটার দিকে বাগোয়ান ইউনিয়ন পরিষদ হলরুমে এ উপকরণ বিতরণের আয়োজন করা হয়।

বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ডিএফ (এলজিএসপি-৩) ইকবাল হোসেন।

বাগোয়ান ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেনের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সহ সভাপতি আব্দুল মোমিন চৌধুরী, মুক্তিযোদ্ধা আয়ুব হোসেন প্রমুখ।

এ সময় বাগোয়ান ইউনিয়নের ২ শত জন উপকারভোগীদের মাঝে মাস্ক, ব্লিচিং পাওডার ও সাবান বিতরণ করা হয়।

মেহেরপুর ১ আসনের সাবেক এমপি জয়নাল আবেদীন অসুস্থ

মেেহেরপুর জেলা আওয়ামী লীগের সাবেক সভাপতি ও সাবেক এমপি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব জয়নাল আবেদীন হৃদ জনিত কারনে অসুস্থ হয়ে ঢাকার একটি বেসরকারী আজগর আলী হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

তিনি গতকাল শনিবার নিজ বাসায় হৃদরোগ জনিত কারণে অসুস্থ হলে দ্রুত তাকে এ্যাম্বুলেন্স যোগে ঢাকা ওয়ারীতে আজগর আলী হাসপাতালে ভর্তি করা হয়।

বর্তমানে তিনি সেখানে চিকিৎসাধীন আছেন।

মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি কেএম লাল মিয়া আর নেই

মেহেরপুরের বিশিষ্ট মুক্তিযোদ্ধা, মেহেরপুর জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক কে এম আতাউল হাকিম লাল মিয়া ইন্তেকাল করেছেন(ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

তিনি রবিবার সকালে তার নিজ বাসভবনে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল (৮৪)। তিনি স্ত্রী, ২ পুত্র, ৬ কন্যাসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন।

আজ বাদ আসর হোটেল বাজার জামে মসজিদে জানাজার নামাজ শেষে মেহেরপুর পৌর কবর স্থানে তাকে দাফন করা হবে। এর আগে পুলিশের

একটি চৌকস দল তার প্রতি রাষ্ট্রীয় সম্মান জানাবেন।

কে এম আতাউল হাকিম লাল মিয়া মহান মুক্তিযুদ্ধ চলাকালীন সময়ে ভারতে কুড়ুলগাছি ক্যাম্পে মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালন করেন। কে এম আতাউল হাকিম লালমিয়া জীবদ্দশায় মেহেরপুরের ক্রীড়াঙ্গন থেকে শুরু করে মুক্তিযোদ্ধা এবং তৃণমূল পর্যায়ে মানুষের সেবা করার জন্য বিভিন্নভাবে কাজ করেছেন।

তিনি মেহেরপুর জেলা আওয়ামীলীগের মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক, জেলা ক্রীড়া সংস্থার সদস্য সচিব, জেলা ফুটবল এসোসিয়েশনের সভাপতি, মেহেরপুর হোটেল বাজার জামে মসজিদের সহ-সভাপতি সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সঙ্গে জড়িত ছিলেন।

তার মৃত্যুতে বিভিন্ন ক্রীড়া সংগঠন, আওয়ামী লীগের নেতৃবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন।

আজ বসছে সংসদের নবম অধিবেশন

সাংবিধানিক বাধ্যবাধকতার কারণে করোনা পরিস্থিতির মধ্যেও আজ রবিবার (৬ সেপ্টেম্বর) বসছে জাতীয় সংসদের নবম অধিবেশন।

সকাল ১১টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অধিবেশন শুরু হবে। অধিবেশন পরিচালনার ক্ষেত্রে কঠোর সতর্কতা অবলম্বন করা হবে। কারণ নতুন করে আরো একজন সংসদ সদস্যের (এমপি) করোনা শনাক্ত হয়েছে।

সংশ্লিষ্ট সূত্রগুলো জানায়, আজ অধিবেশনের শুরুতেই চলতি সংসদের সদস্য মো. ইসরাফিল আলমের মৃত্যুতে শোক প্রস্তাব উত্থাপন ও তা নিয়ে আলোচনা হবে। পরে অধিবেশন মুলতবি করা হবে। চলতি অধিবেশনে কয়েকটি গুরুত্বপূর্ণ বিল পাসের কথা রয়েছে। বর্তমানে ১৪টি বিল সংসদে পাসের অপেক্ষায় রয়েছে। তবে স্বল্প সময়ের এই অধিবেশনে বিলগুলো পাস করা কঠিন হবে। কারণ বিগত দুটি অধিবেশনের মতো এই অধিবেশন সংক্ষিপ্ত হবে। যা সর্বোচ্চ পাঁচ দিন চলতে পারে।

সংসদ সচিবালয় সূত্র জানায়, করোনা পরিস্থিতিতে যেকোনো ধরনের

ঝুঁকি এড়াতে সংসদ সদস্য ও সংসদ ভবন এলাকায় দায়িত্ব পালনকারী কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতি নিয়ন্ত্রণের সিদ্ধান্ত নেওয়া হয়েছে। অধিবেশনে দায়িত্ব পালনকারী সবাইকে নমুনা পরীক্ষার মাধ্যমে করোনা নেগেটিভ নিশ্চিত করা হয়েছে। সংসদে যোগদানকারী সংসদ সদস্যদেরও নমুনা পরীক্ষা করা হয়েছে। এতে খুলনা-৬ আসনের সংসদ সদস্য আক্তারুজ্জামান বাবুর করোনা পজিটিভ এসেছে। তিনি বর্তমানে খুলনায় নিজ বাসায় চিকিৎসাধীন।

সূত্র- কালের কন্ঠ

কুষ্টিয়া জেলা ক্রীড়া উন্নয়ন পরিষদের পূর্ণ প্যানেলে জয়লাভ

কঠোর নিরাপত্তা আর ব্যাপক উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার নির্বাচন ২০২০-২০২৪ সম্পন্ন হয়েছে।

গতকাল (৫ সেপ্টেম্বর) ৪ বছর মেয়াদী এ নির্বাচনের ভোট গ্রহণ সকাল ৮ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত বিরতী হীন ভাবে কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার প্যাভিলিয়ানে অনুষ্ঠিত হয়। মোট ৭০ জন ভোটারের মধ্যে ৬৬জন ভোটার সরাসরি ব্যালটের মাধ্যমে তাঁদের ভোটাধিকার প্রয়োগ করেন। এ নির্বাচনে আলোচিত ভোটার ছিলেন বাংলাদেশ ক্রীকেট দলের সাবেক অধিনায়ক হাবিবুল বাশার সুমন।

কুষ্টিয়া জেলা ক্রীড়া সংস্থার কার্যনির্বাহী পরিষদের পদ রয়েছে ৩১ টি। তারমধ্যে বিধান অনুযায়ী পদাধিকার বলে কুষ্টিয়ার জেলা প্রশাসক সভাপতি, কুষ্টিয়ার পুলিশ সুপার ও কুষ্টিয়ার অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সহ-সভাপতি এবং কুষ্টিয়া জেলা ক্রীড়া অফিসার সদস্য হিসেবে দায়িত্ব পালন করে থাকেন। এ কারণে ২৭টি পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। এবছর ২৭টি পদের বিপরীতে দু’টি প্যানেলে বিভক্ত হয়ে ৩৬ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বীতা করেন। কুষ্টিয়া জেলা ক্রীড়া উন্নয়ন পরিষদ নামে এ্যাড. অনুপ কুমার নন্দীর নেতৃত্বাধীন প্যানেল ২৭টি পদেই প্রার্থী দিয়েছিল।

অপর দিকে মোঃ আমজাদ আলী খাঁনের নেতৃত্বাধীন প্যানেল মাত্র ৯টি পদে প্রতিদ্বন্দ্বীতা করে। এ্যাড. অনুপ কুমার নন্দীর নেতৃত্বাধীন প্যানেলের সহ-সভাপতি প্রার্থী জহুরুল হক চৌধুরী রনজু, আলী হাসান মন্টা, মোঃ মকবুল হোসেন লাবলু ও সেখ সুলতান আহমেদ, যুগ্ম-সম্পাদক প্রার্থী মোঃ পারভেজ আনোয়ার তনু ও খন্দঃ সাদাত-উল আনাম পলাশ এবং কোষাধ্যক্ষ প্রার্থী মোঃ লিয়াকত আলী খান বিনা- প্রতিদ্বন্দ্বীতায় নির্বাচিত হয়েছেন।

গতকাল সরাসরি ভোটের ফলাফলে কুষ্টিয়া জেলা ক্রীড়া উন্নয়ন পরিষদ নামে এ্যাড. অনুপ কুমার নন্দীর নেতৃত্বাধীন প্যানেলের সাধারণ সম্পাদক প্রার্থী এ্যাড. অনুপ কুমার নন্দী ৫১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। পরাজিত প্রার্থী মোঃ আমজাদ আলী খাঁন পেয়েছেন ১৫ ভোট।

অতিরিক্ত সাধারণ সম্পাদক পদে এ্যাড. মোসাদ্দেক আলী মনি ৩৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। পরাজিত প্রার্থী খন্দকার ইকবাল মাহমুদ পেয়েছেন ২৫ ভোট।

নির্বাহী সদস্য পদে যথাক্রমেÑমোঃ রাশিদুজ্জামান খান (টুটুল) পেয়েছেন ৫৪ ভোট, আলমগীর কবির হেলাল পেয়েছেন ৫৩ ভোট, কাজী এমদাদুল বাশার রিপন পেয়েছেন ৫৩ ভোট, মোঃ আতাউর রহমান (মিঠু) পেয়েছেন ৫৩ ভোট, খোকন সিরাজুল ইসলাম পেয়েছেন ৫২ ভোট, স্বপন কুমার সাহা শংকর পেয়েছেন ৫২ ভোট, মোঃ জাহাঙ্গীর আলম পেয়েছেন ৫২ ভোট, মোঃ আনিসুর রহমান আনিস পেয়েছেন ৫১ ভোট, কাইয়ুম নাজার পেয়েছেন ৫০ ভোট, সাব্বির মোঃ কাদেরী সবু পেয়েছেন ৫০ ভোট, শেখ কৌশিক আহমেদ পেয়েছেন ৪৯ ভোট, মীর আয়ুব হোসেন পেয়েছেন ৪৭ ভোট, মোঃ সামসুদ্দিন বিশ্বাস সামু পেয়েছেন ৪৫ ভোট এবং মোঃ হাবিবুর রহমান বাপ্পি পেয়েছেন ৪৩ ভোট। সংরক্ষিত মহিলা সদস্য পদে আফরোজা আক্তার ডিউ পেয়েছেন ৫১ ভোট এবং আল হামরা বেগম পেয়েছেন ৩৫ ভোট।

সংরক্ষিত উপজেলা সদস্য পদে আলহাজ্ব মোঃ শামীমুল ইসলাম ছানা পেয়েছেন ৪৫ ভোট এবং মোহাম্মদ আলী নিশান পেয়েছেন ৪৩ ভোট। অপর দিকে পরাজিত মোঃ আমজাদ আলী খাঁনের নেতৃত্বাধীন প্যানেলের নির্বাহী সদস্য পদে যথাক্রমে মীর সাইফুল ইসলাম পেয়েছেন ৩৪ ভোট, কাজী মিজানুর রহমান লিটন পেয়েছেন ২৬ ভোট, কাজী সাইদুর রহমান নিশা পেয়েছেন ২৩ ভোট, মোঃ সাইফুল ইসলাম পান্না পেয়েছেন ২১ ভোট এবং মোঃ হাসেম আলী পেয়েছেন ২১ ভোট। সংরক্ষিত উপজেলা সদস্য পদে মোঃ রেজাউর রহমান পেয়েছেন ২৮ ভোট। সংরক্ষিত মহিলা সদস্য পদে

মোছাঃ মেহেরুন নেছা বিউটি ৩১ ভোট। এ নির্বাচনে সর্বোচ্চ ৫৪ ভোট পেয়েছেন মোঃ রাশিদুজ্জামান খান (টুটুল)।

সন্ধ্যা ৬টায় দিকে জেলা ক্রীড়া সংস্থার সভাপতি মোঃ আসলাম হোসেনের উপস্থিতিতে ফলাফল ঘোষণা করেন রিটানিং অফিসার ও নির্বাহী ম্যাজিষ্ট্রেট কানিজ ফাতেমা। অতিরিক্ত জেলা প্রশাসক মোঃ সিরাজুল ইসলাম নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করেন।

শাসক নয় জনগনের সেবক হিসেবে কাজ করতে চাই… চেয়ারম্যান প্রার্থী মিরন

শাসক নয় জনগনের সেবক হিসেবে কাজ করতে চাই বলে মন্তব্য করেছেন জেলা পরিষদ সদস্য ইমতিয়াজ আহমেদ মিরন।

শনিবার বিকাল থেকে রাত্রী পর্যন্ত মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের বেশ কয়েকটি গ্রামে গণসংযোকালে নেতা কর্মী ও শুভানুধ্যায়ীদের কাছে তিনি এ মন্তব্য করেন।

তিনি বলেন, ছাত্রজীবনেই আওয়ামীলীগের রাজনীতির সাথে সক্রিয় থেকে দলের দুঃসময়ে রাজপথে থেকে সততা ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালন করেছি। প্রধানমন্ত্রীর উন্নয়ন কর্মকান্ড বিশ্বে এখন মডেল হিসেবে পরিচিতি পাচ্ছে। সেই অগ্রযাত্রায় আমিও অংশীদার হয়ে এলাকার উন্নয়ন ও জনগণের পাশে থেকে কাজ করে যাবো।

তিনি ভোটারদের উদ্দেশ্যে বলেন, আমি আপনাদের সেবা করার সুযোগ চাই। এ লক্ষে আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনে সকলের দোয়া ও সমর্থন প্রার্থনা করি। উল্লেখ্য: আগামী এপ্রিল/মে মাসে নির্বাচন অনুষ্ঠিত হতে পারে।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]